মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়কে বোনেদের ফোঁটা।

দিদির থেকে ফোঁটা নিলেন মন্ত্রী সুজিত বসু।

তামান্না বিবির ভাইফোঁটা রাজারহাটের বিধায়ক তাপস চ্যাটার্জিকে।

বোন দীপালি ফোঁটা দিলেন ভাই সাংসদ, অভিনেতা দেবকে।

প্রাক্তন সাংসদ কুণাল ঘোষ ভাইফোঁটা নিলেন।

সঙ্গীতশিল্পী হৈমন্তী শুক্লা ফোঁটা দিলেন বিধায়ক দেবাশিস কুমারকে।

মেডিক্যাল ব্যাঙ্কের উদ্যোগে ট্র্যাফিক পুলিশকে ফোঁটা দিল পথশিশুরা।

সিঙ্গুরে নিজের বাড়িতে দিদি ও বোনেদের থেকে ফোঁটা নিলেন মন্ত্রী বেচারাম মান্না।

ফোঁটা নিলেন রঞ্জিত মল্লিক।

ভাষা ও চেতনা সমিতির উদ্যোগে পিছিয়ে-পড়া কিশোর-কিশোরীদের নিয়ে গণ-ভাইফোঁটা। বাগমারি খালের কাছে।

সাংসদ মালা রায় ভাইফোঁটা দিলেন।

ছবি: অভিজিৎ মণ্ডল, তপন মুখার্জি, বিজয় সেনগুপ্ত ও ইন্দ্রনীল ভৌমিক

মাদারিহাটে হাতি পিষে দিল ৩ জনকে

● ১ পাতার পর

এদিন সকাল থেকেই শোকের ছায়া ছিল দুই গ্রামে। দুই পরিবারের সঙ্গে দেখা করতে যান তৃণমূল বিধায়ক জয়প্রকাশ টোপ্পো–সহ দলের একটি টিম।

জানা গেছে, এই মুহূর্তে জাতীয় উদ্যানের ভেতর অন্তত ১০০টির কাছাকাছি হাতি রয়েছে। মানুষকে আতঙ্কিত না হয়ে সচেতন থাকবার অনুরোধ করেছে বন দপ্তর। জলদাপাড়া জাতীয় উদ্যানের ডিএফও প্রবীণ কাসওয়ান বলেন, ‘খুবই দুঃখজনক ঘটনা। আমরা ১২টি বিশেষ টিম তৈরি করেছি উপদ্রুত এলাকার জন্য। প্রতি রাতে প্রতিটি স্পর্শকাতর এলাকায় টিম পাহারা দেবে। রাতে বাসিন্দাদের সতর্ক থাকবার অনুরোধ করছি।’ এদিকে, রাতের ঘটনায় খারিয়া পাড়া ও মধ্য চেকামারির বাসিন্দাদের মধ্যে চরম আতঙ্ক ছড়িয়েছে। তাঁরা জানান, আনুমানিক সন্ধে ৬ নাগাদ প্রথম ঘটনাটি ঘটে মধ্য ছ্যাকামারি এলাকায়। বাজার থেকে ফেরার সময় নিজের বাড়ির সামনে আবদুল কাদিরকে (৪৩) পিষে মারে হাতি। পরে রাত প্রায় সাড়ে ১১টার দিকে (অনুমান) একই হাতি প্রায় পাঁচ কিলোমিটার দূরে মধ্য খয়েরবাড়ির খারিয়া পাড়ায় ফের আক্রমণ চালায়। সেই আক্রমণে ৩৪ বছর বয়সি সোনাই মুন্ডা ও তাঁর দেড় বছরের মেয়ে লক্ষ্মীর ঘটনাস্থলেই মৃত্যু হয়। সোনাই তাঁর স্বামী সীতারাম ও তাঁদের সন্তান কালীপুজোর অনুষ্ঠান দেখে বাড়ি ফিরছিলেন। রাস্তায় আচমকাই হাতিটি এসে পড়ে। সীতারাম কয়েক পা পিছনে হাঁটছিলেন। চোখের সামনে স্ত্রী ও কন্যাকে হাতির পায়ে পিষে মারা যেতে দেখেন।

শোকে ভেঙে পড়া সীতারাম মুন্ডা বলেন, ‘আমার চোখের সামনে আমার স্ত্রী আর মেয়েকে হাতি পিষে মারল। আমি কিছুই করতে পারিনি। তাদের সাহায্যের আর্তনাদ এখনও কানে বাজছে।’ বিধায়ক জয়প্রকাশ টোপ্পো বলেন, ‘খুবই মর্মান্তিক ঘটনা। আমরা সবসময়ই এই দুই পরিবারের পাশে রয়েছি।’ এদিকে, দলছুট ওই হাতিটিকে শনাক্ত ও নিয়ন্ত্রণে আনতে জলদাপাড়া বন বিভাগ তল্লাশি অভিযান শুরু করেছে। মাকনাটিকে দেখলেই বনকর্মীদের কড়া নজরদারি করতে বলা হয়েছে। উল্লেখ্য, বুনোহাতির বড়সড় আক্রমণের ঘটনা ৩ মাস অনেকটাই কমে গিয়েছিল। তবে ধান কাটার মরশুমে ফের উৎপাত শুরু হয়েছে বলে মনে করা হচ্ছে। জলদাপাড়া জাতীয় উদ্যান লাগোয়া প্রতিটি গ্রাম, বনবস্তীর চারপাশে সোনালি ধানের খেত, অন্যান্য সবজির খেত দেখা যাচ্ছে। যার আকর্ষণে প্রায় প্রতি রাতেই কোথাও না কোথাও লোকালয়ে হাতির আক্রমণের ঘটনা ঘটছে।

কাগজের গুদামে বড় আগুন

আজকালের প্রতিবেদন

আমহার্স্ট স্ট্রিট থানা এলাকায় বৃহস্পতিবার সকালে বড় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। রাজা রামমোহন রায় সরণির কাছে একটি দোকানে হঠাৎই আগুন ধরে যায়। ওই দোকানে প্রচুর কাগজ ডাঁই করে রাখা ছিল। যেখানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে, সেটি একটি দোতলা বাড়ি। আগুন ক্রমশ বড় চেহারা নেয়। দমকলের ৪টি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে আগুন নিভিয়ে ফেলে। কিন্তু আগুনের তাপে পাশের একটি মুদির দোকান এবং দুটি মোটর সাইকেল আগুনে ক্ষতিগ্রস্ত হয়। এই অগ্নিকাণ্ডের ঘটনা নিয়ে স্থানীয় কাউন্সিলর সাধনা বসু অভিযোগ জানিয়ে বলেন, ওই বাড়িটি বিপজ্জনক অবস্থায় রয়েছে। পেছনের অংশ বেআইনিভাবে বাড়ানো হয়েছে। পুরসভার অনুমতি নেওয়া হয়নি। এ ছাড়া বিদ্যুৎ সংযোগের বিষয়টি নিয়েও প্রশ্ন রয়েছে। বাড়ির নিচে থাকা দোকানগুলি নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন। কীভাবে আগুন লাগল তা দেখছে দমকল। অনুমান শর্ট সার্কিট থেকে এই আগুন লেগেছে। অন্যদিকে, বৌবাজার থানা এলাকার একটি একতলা বাড়িতে আগুন লাগে। একটি ঘরের মধ্যে জুতো বানানোর সরঞ্জাম মজুত ছিল। এদিন দমকলের ৩টি ইঞ্জিন গিয়ে আগুন নিভিয়ে ফেলে। ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি।

সকলের অবগতির জন্য

এই বছর ছট পূজা সুচারুরূপে পালন করার জন্য এবং পুণ্যার্থীদের সুবিধার জন্য কে.এম.ডি.এ. সকল প্রকার সুবিধাযুক্ত নতুন ঘাটের ব্যবস্থা করেছে। এই সকল ঘাটগুলির অবস্থান নিম্নে বর্ণিত হল ঃ

বিকল্প ঘাট ৩৯টি (স্থায়ী ও অস্থায়ী)

অবস্থান	ঘাট সংখ্যা
১. রামধন পার্ক জলাশয়, গল্ফ গার্ডেন	৫টি
২. গোবিন্দন-কুট্টি পার্ক, গল্ফ গার্ডেন	১টি
৩. মাদারতলা ঝিল, টালিগঞ্জ	১টি
৪. যোধপুর পার্ক জলাশয়, ঢাকুরিয়া	৫টি
৫. নববৃন্দাবন পুকুর, রিজেন্ট এস্টেট	১টি
৬. ১০নং পুকুর, রিজেন্ট এস্টেট	২টি
৭. লায়েলকা পুকুর, রিজেন্ট এস্টেট	২টি
৮. কাটজুনগর পুকুর, বিক্রমগড়	৩টি
৯. ধানমাঠ জলাশয়, গার্ডেন হাইস্কুলের নিকট, কসবা	৩টি
১০. মিঠেতলা জলাশয় (ডি.পি.এস-এর নিকট) কসবা	৩টি
১১. ইন্দু পার্ক, কসবা	২টি
১২. কে.এম.ডি.এ. জলাশয়, আর.আর. কলোনী, রুবি হাসপাতালের নিকট	৪টি
১৩. ফর্টিস হাসপাতালের নিকট কে.এম.ডি.এ. জলাশয়, নোনাডাঙ্গা	৩টি
১৪. ফর্টিস হাসপাতালের বিপরীতে কে.এম.ডি.এ. জলাশয়, নোনাডাঙ্গা	৩টি
১৫. বৈষ্ণবঘাটা পাটুলির কে.এম.ডি.এ. জলাশয় (সত্যজিৎ রায় পার্ক-এর) নিকট	১টি

আপনাদের সকলকে একান্ত অনুরোধ, এই বছর আপনাদের ছটপুজা সংক্রান্ত কার্যক্রমগুলির জন্য উপরোক্ত জলাশয়-এ তৈরি ঘাটগুলি ব্যবহার করুন।

- এই ঘাটগুলিতে সকল প্রাথমিক সুবিধাগুলি যথা পানীয় জল, শৌচালয়, আলো, পোশাক পরিবর্তনের ঘর, সুরক্ষা ইত্যাদি থাকবে।
- পরিবেশ সুরক্ষিত রাখার জন্য দায়িত্বশীল নাগরিক কর্তব্য পালন করুন।

এই বিষয়ে আরও জ্ঞাতার্থে কে.এম.ডি.এ.
Website: www.kmda.wb.gov.in অথবা
Helpline: 8961164003 / 9674651711-এ যোগাযোগ করুন।
এ বিষয়ে আপনাদের প্রস্তাব ও মূল্যবান মতামত একান্ত কাম্য।

ধন্যবাদান্তে
কে.এম.ডি.এ

KMDA কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি

ICA- N 534(4)/2025

লামডিং ডিভিশনে এটিভিএম-এর মাধ্যমে অসংরক্ষিত টিকিট ইস্যু করার জন্য সহায়তাকারীদের নিয়োগের বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং. সি-এলএমজি-২১-২০২৫ তারিখ ঃ ১৬-১০-২০২৫

ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার (আইসি), লামডিং ডিভিশন, জেলাঃ হোজাই, পিন-৭৮২৪৪৭, ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তাঁর পক্ষে, লামডিং (এলএমজি) ডিভিশনে এটিভিএম-এর মাধ্যমে অ-সংরক্ষিত টিকিট ইস্যু করার জন্য সুবিধা প্রদানকারীদের নিয়োগের জন্য সিল করা খামে অবসরপ্রাপ্ত রেল কর্মচারী/সাধারণ জনগণের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করছেন।

কাজের নাম ঃ ০২ (দুই) বছরের জন্য লামডিং (এলএমজি) ডিভিশনে এটিভিএম-এর মাধ্যমে অ-সংরক্ষিত টিকিট ইস্যু করার জন্য সুবিধা প্রদানকারী হিসাবে কাজ করা।

স্টেশনগুলির নাম এবং বিশদ বিবরণ ঃ ক্রমিক নং.ঃ ১, স্টেশনের নামঃ গুয়াহাটি (জিএইচওয়াই), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-২, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ৬। ক্রমিক নং.ঃ ২, স্টেশনের নামঃ কামাখ্যা (কেওয়াইকিউ), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-২, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ৪। ক্রমিক নং.ঃ ৩, স্টেশনের নামঃ ডিমাপুর (ডিএমভি), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৩, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ৩। ক্রমিক নং.ঃ ৪, স্টেশনের নামঃ শিলচর (এসসিএল), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৩, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ৩। ক্রমিক নং.ঃ ৫, স্টেশনের নামঃ আগরতলা (এজিটিএল), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৩, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ৩। ক্রমিক নং.ঃ ৬, স্টেশনের নামঃ বদরপুর (বিপিবি), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৩, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ২। ক্রমিক নং.ঃ ৭, স্টেশনের নামঃ লামডিং (এলএমজি), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৪, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ২। ক্রমিক নং.ঃ ৮, স্টেশনের নামঃ নিউ হাফলং (এনএইচএলজি), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৪, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ২। ক্রমিক নং.ঃ ৯, স্টেশনের নামঃ ভৈরবী (বিএইচআরবি), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৬, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ১। ক্রমিক নং.ঃ ১০, স্টেশনের নামঃ সাইরাং (এসএএনজি), স্টেশনের ক্যাটাগরিঃ এনএসজি-৬, প্রয়োজনীয় সহায়তাকারীর সংখ্যাঃ ১।

আবেদনপত্র ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), ডি.আর.এম. বিল্ডিং, লামডিং ডিভিশন, জেলা-হোজাই, পিন-৭৮২৪৪৭ এর অফিস থেকে ২৪-১০-২০২৫ থেকে ২৫-১১-২০২৫ পর্যন্ত যেকোনো কর্মদিবসে ১০.০০ ঘণ্টা থেকে ১৭.০০ ঘণ্টা পর্যন্ত পাওয়া যাবে।

আবেদনপত্র জমা দেওয়ার জন্য আবেদনপত্রের বক্স ২৪-১০-২০২৫ তারিখের ১০.০০ ঘণ্টা থেকে ২৬-১১-২০২৫ তারিখের ১৩.৩০ ঘণ্টা পর্যন্ত ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), লামডিং ডিভিশন, জেলা-হোজাই, পিন-৭৮২৪৪৭ এর কার্যালয়ের অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ম্যানেজারের চেম্বারে পাওয়া যাবে।

আবেদন বক্স ২৬-১১-২০২৫ তারিখের ১৬.০০ ঘণ্টায় ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), লামডিং ডিভিশন, জেলা-হোজাই, পিন-৭৮২৪৪৭ এর কার্যালয়ে খোলা হবে।

উপরে উল্লিখিত সময়ের মধ্যে www.nfr.indianrailways.gov.in ওয়েবসাইট থেকে ডাউনলোড করেও আবেদনপত্রের সাথে শর্তাবলী পাওয়া যাবে।

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), লামডিং

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

ইণ্ডিয়ন ওবরসীজ বৈঁক Indian Overseas Bank
आपकी प्रगति का सच्चा साथी — Good people to grow with

রিজিওনাল অফিস, কলকাতা-১, ১১৯, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

কলকাতা মেট্রো সিটির নিম্নলিখিত এলাকায় লিজে থাকা সহজ প্রবেশাধিকার সহ গ্রাউন্ড ফ্লোরে, ব্যাঙ্ক শাখা খোলার জন্য আনুমানিক **১৫০০-১৮০০ বর্গফুট** কার্পেট এরিয়া বিশিষ্ট বাণিজ্যিক স্থান প্রয়োজন:

নতুন শাখা খোলা: এজেসি বোস রোড, দমদম ক্যান্টনমেন্ট, জোকা/পৈলান, পিয়ারলেস হাসপাতাল - ইএম বাইপাস, সল্টলেক সেক্টর- ১ এবং ২, আনন্দ পালিত রোড, স্ট্র্যান্ড রোড, লেক মার্কেট, শ্রীমণি মার্কেট, ফুলবাগান, আমরাতলা এবং কলকাতা মেট্রোর আওতাধীন অন্যান্য ব্যাঙ্কবিহীন এলাকা।

স্থানান্তরের উদ্দেশ্যে বিদ্যমান শাখার কাছাকাছি (বিদ্যমান শাখা থেকে ৫০০ মিটার পর্যন্ত) সম্পত্তিগুলিকে অগ্রাধিকার দেওয়া হবে। আগ্রহী ভূস্বামীরা **১৫.১১.২০২৫ তারিখের মধ্যে** সম্পূর্ণ বিবরণ (শুধুমাত্র **www.iob.in** এ উপলব্ধ ফর্ম্যাট অনুসারে) দ্য চিফ ম্যানেজার, জিএডি, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, রিজিওনাল অফিস, কলকাতা-১, ১১৯ পার্ক স্ট্রিট, হোয়াইট হাউস, ফার্স্ট ফ্লোর, কলকাতা-৭০০০১৬-এর কাছে আবেদন করতে পারেন। উপরের ঠিকানা থেকেও ব্যক্তিগতভাবে ফর্ম সংগ্রহ করা যেতে পারে। কোনও কারণ না দেখিয়েই যে কোনও প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার ব্যাঙ্ক সংরক্ষণ করে। ব্যাঙ্ক কর্তৃক কোনও ব্রোকারেজ প্রদান করা হবে না।

জেনারেল ম্যানেজার

ইণ্ডিয়ন ওবরসীজ বৈঁক Indian Overseas Bank
आपकी प्रगति का सच्चा साथी — Good people to grow with

রিজিওনাল অফিস, কলকাতা-১, ১১৯, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

এটিএম খোলার জন্য বাণিজ্যিক স্থানের প্রয়োজন প্রায় **৮০-১০০ বর্গফুট (৮X১০ থেকে ৮X১২)** কার্পেট এরিয়া, বিশেষ করে গ্রাউন্ড ফ্লোরে যেখানে সহজে যাতায়াত করা যায়, কলকাতা মেট্রো সিটির নিম্নলিখিত এলাকাগুলিতে লিজে দেওয়া হবে:

নতুন এটিএম খোলার প্রস্তাব: আমড়াতলা, এপি রোড, ঢাকুরিয়া, কালীঘাট, জেএম অ্যাভিনিউ, সন্তোষপুর, নিউ মার্কেট, কুদঘাট, কেপিটি ফেয়ারলি, কসবা গোল্ড পার্ক, শিয়ালদহ, স্ট্র্যান্ড রোড, কলকাতা পোর্ট, পাটুলি, সোনাপট্টি, চৌরঙ্গী, ল্যান্সডাউন মার্কেট, বাঘাযতীন ইত্যাদি।

আগ্রহী ভূস্বামীরা পূর্ণ বিবরণ সহ (শুধুমাত্র **www.iob.in** এ উপলব্ধ ফর্ম্যাট অনুসারে) **১৫.১১.২০২৫ তারিখের মধ্যে** দ্য চিফ ম্যানেজার, জিএডি, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, রিজিওনাল অফিস, কলকাতা-১, ১১৯ পার্ক স্ট্রিট, হোয়াইট হাউস, ফার্স্ট ফ্লোর, কলকাতা-৭০০০১৬-এ আবেদন করতে পারবেন। উপরের ঠিকানা থেকেও ফর্মগুলি ব্যক্তিগতভাবে সংগ্রহ করা যেতে পারে। কোনও কারণ ছাড়াই ব্যাঙ্ক যেকোনো প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে। ব্যাঙ্ক কর্তৃক কোনও ব্রোকারেজ প্রদান করা হবে না।

জেনারেল ম্যানেজার

ইণ্ডিয়ন ওবরসীজ বৈঁক Indian Overseas Bank
आपकी प्रगति का सच्चा साथी — Good people to grow with

শ্যামবাজার ব্রাঞ্চ, ৭০/১/২, গৌরীবাড়ি লেন, কলকাতা-৭০০০০৪ ফোন-০৩৩ ২৫৫৫ ৯৯২৮

স্থাবর সম্পত্তিসমূব বিক্রির জন্য ই-নিলামের জনবিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)-এর অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিক্রি

যেহেতু, **ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক**-এর অনুমোদিত আধিকারিক নিম্নোক্ত লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সম্পত্তি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ১৩(২) ধারাধীনে বিক্রির অধিকার সমেত প্রতীকী দখল নিয়েছেন এবং সংশ্লিষ্ট পক্ষ(গণ) উক্ত বকেয়া পরিশোধে বারংবার ব্যর্থ হওয়ায় সুদ ও মাশুল সমেত ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নিম্নস্বাক্ষকারী উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সম্পত্তি **‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ ও ‘যেমন আছে’** ভিত্তিতে বিক্রির প্রস্তাব রাখছেন। এই বিক্রি নিম্নস্বাক্ষরকারী দ্বারা **https://ebkray.in** ওয়েব পোর্টালে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে পরিচালিত হবে।

ঋণগ্রহীতার নাম ও ঠিকানা:
মিঃ মহম্মদ কৌশর ইমাম,
ঠিকানা: ফ্ল্যাট নং বি, দ্বিতীয় তল, দক্ষিণ পূর্ব দিকে, অন্নপূর্ণা অ্যাপার্টমেন্ট, হোল্ডিং নং ৮২, আর এন অ্যাভেনিউ, মৌজা-সোদপুর, থানা-খড়দহ, ওয়ার্ড নং ১৬, জেলা-উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১১০।
এনপিএর তারিখ: **২৯.১০.২০২৩**
দাবি বিজ্ঞপ্তির তারিখ: **০৬.১১.২০২৩**
দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক: ০৬.১১.২০২৩ অনুযায়ী **₹২৩,৮৪,৫৪২.২৯/-** তৎসহ পুনরায় সুদ ও মাশুল
দখল বিজ্ঞপ্তির তারিখ: **০২.০২.২০২৪ (প্রতীকী)**
দখল বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক: ৩১.০১.২০২৪ অনুযায়ী **₹২৪,৪৭,৯৪৯.২৯/-** তৎসহ পুনরায় সুদ ও মাশুল

অনাদায়ী বকেয়া (স্থানীয় স্বশাসিত সরকার বা অন্য কোনও কর্তৃপক্ষের কাছে বকেয়া সম্পত্তি কর, জলনিকাশি, বিদ্যুৎবিল ইত্যাদি): জানা নেই। [বিধিবদ্ধ দায়, বিধিবদ্ধ বকেয়া (যদি থাকে) ইত্যাদি সম্পর্কে নিশ্চিতভাবে জেনে নেওয়ার বিষয়ে বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে যেগুলি ক্রেতাকেই বহন করতে হবে এবং এগুলির ক্ষেত্রে ব্যাঙ্কের কোনও দায় নেই।]

- **সংরক্ষণ মূল্য: ₹১৯,১২,৩২০/-** (উনিশ লক্ষ বারো হাজার তিনশো কুড়ি টাকা মাত্র)
- **ইএমডি : ₹১,৯১,২৩২/-** (এক লক্ষ একানব্বই হাজার দুশো বত্রিশ টাকা মাত্র)
- নিলামের তারিখ ও সময়: **১০.১১.২০২৫, সকাল ১১.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বিক্রয় সম্পূর্ণ হওয়া পর্যন্ত প্রতি ক্ষেত্রে ৫ মিনিটের স্বতঃ সম্প্রসারণে।**
- ইএমডি সমেত বিডের জন্য অনলাইন আবেদন জমা: **২৭.১০.২০২৫ থেকে**
- ইএমডি সমেত বিডের জন্য অনলাইন আবেদন জমার শেষ তারিখ: **০৭.১১.২০২৫**
- বিড বাড়ানোর অর্থমূল্য: ₹৫০,০০০/-
- স্বতঃসম্প্রসারণের সময়সীমা: ৫ মিনিট
- যদি কোনও দায় সম্পর্কে জানা থাকে: অনুমোদিত আধিকারিকের জানা নেই
- পরিদর্শনের তারিখ ও সময়: **২৭.১০.২০২৫ থেকে।**

স্থাবর সম্পত্তির বিবরণ:
অন্নপূর্ণা অ্যাপার্টমেন্টের দ্বিতীয় তলের দক্ষিণ পূর্ব দিকে আবাসিক ফ্ল্যাট নং বি এর সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, সুপার বিল্ট আপ এরিয়া ৭৪৭ বর্গফুট, জমির মাপ ৩ কাঠা ১৩ ছটাক, অংশত আরএস/এলআর দাগ নং ১২ এবং ১৩, আরএস/এলআর খতিয়ান নং ৩০৫ এবং ১১৬৮, মৌজা সোদপুর, জে এল নং ৮, রে সা নং ৪৫, তৌজি নং ১৭৮, পুর হোল্ডিং নং ৮২ (পুরাতন), ৯০/২/এ (নতুন), আর এন অ্যাভেনিউ, কলকাতা-৭০০১১০, পানিহাটি পুরসভার অধীন ওয়ার্ড নং ১৬, থানা খড়দহ, জেলা সাব রেজিস্ট্রেশন অফিস সোদপুর, জেলা উত্তর ২৪ পরগনা। উক্ত প্রেমিসেসের চৌহদ্দি: উত্তর: কমন প্যাসেজ এবং প্লট নং এ/৩; দক্ষিণ: লট বি; পূর্ব: প্লট নং এ/২ তারপর ২৪ ফুট কমন প্যাসেজ; পশ্চিম: প্লট নং এ/৬।
সম্পত্তিটি মহঃ কৌশর ইমাম, পিতা মহঃ হাসান ইমামের নামে।

দ্রষ্টব্য: সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩(৫) অনুসারে, আমরা সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) ধারার সংস্থাধীনে ‘যেখানে আছে’, ‘যা কিছু আছে’ ও ‘যেমন আছে’ এবং ‘কোনও রিকোর্স ছাড়া’ ভিত্তিতে বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরের জন্য জনসাধারণের থেকে প্রকাশ্য নিলামের নোটিসের প্রকাশনার তারিখের পূর্বে যে কোনও সুরক্ষিত ঋণদাতার বকেয়া অর্থাঙ্ক প্রদান করে সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর অধিকারের প্রতি ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করছি। ঋণগ্রহীতা, বন্ধকদাতা এবং জামিনদারগণকে নোটিস প্রকাশের পূর্বে সমগ্র বকেয়া অর্থাঙ্ক সহ উদ্ভূত সুদ, মাশুল এবং চার্জ, খরচ প্রদান করে এবং সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর জন্য অনুরোধ করা হচ্ছে। সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) ধারাধীনে ছাড়ানোর অধিকার কেবলমাত্র প্রকাশ্য নিলাম শুরুর আগে পর্যন্ত বলবৎ থাকবে এবং তারপর নয়।

* বিধিবদ্ধ বকেয়ার ওপরে ব্যাঙ্কের বকেয়া অগ্রাধিকার পাবে।
শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক দেখুন:
https://baanknet.com (ই-নিলাম পরিষেবা প্রদানকারীর ওয়েব পোর্টাল)

তারিখ: ১৬.০৯.২০২৫ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা — ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক

pnb Housing Finance Limited — Ghar Ki Baat

পরিশিষ্ট-IV-A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি-১১০০০১। ফোন: ০১১-২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

কলকাতা ব্রাঞ্চ: ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ-সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’-তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’-তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’-তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী ‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)-এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী-সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯-এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.**

লোন নম্বর/ ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি-র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/KOL/ 0519/ 696088 অশোক সিং / সিকন্দর যাদব (জামিনদার) ব্রাঞ্চ অফিস: কলকাতা	₹ ১৬,৪২,৮৫০.০৮/- ১৮.০৪.২০২২	বাস্তবিক দখল	সংশ্লিষ্ট প্রেমিসেসের কমন এরিয়া সমেত ‘সাধনা অ্যাপার্টমেন্টস’ নামক প্রস্তাবিত জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ‘বি’ ব্লকের ৪ নং ফ্লোরে সুপার বিল্ট আপ এরিয়া অন্তর্ভুক্ত করে সামান্য কমবেশি ৭৩৫ বর্গফুট মাপের ফ্ল্যাট নং ৪০১-এর অপরিহার্য সমগ্র পরিমাণ, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত সামান্য কমবেশি ৫ (পাঁচ) ডেসিমেল বাস্তু জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, যার হাল খতিয়ান নং ৩৮৮৩, হাল দাগ নং ৮৪৬, আর এস খতিয়ান নং ১৬৫, তৎসহ সামান্য কমবেশি ৩ (তিন) ডেসিমেল জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার, যার হাল দাগ নং ৫২৪, হাল খতিয়ান নং ৩৮৮৩, আর এস খতিয়ান নং ৮০১, মোট জমি ৮ (আট) ডেসিমেল বা ৫ (পাঁচ) কাঠা ৭ (সাত) ছটাক ৪০ (চল্লিশ) বর্গফুটের সমতুল, এর অবস্থান: জে এল নং ৫, পরগনা ও মৌজা- ধাড়সা, হাওড়া পুরনিগমের ৪৭ নং ওয়ার্ড, থানা- জগাছা এবং এটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর- সুবলচন্দ্র দাসের জমি; দক্ষিণ- সরকারি রাস্তা; পূর্ব- সুকুমার সাহার জমি; পশ্চিম- সুবলচন্দ্র দাসের জমি।	₹ ১২,৭৭,০০০/-	₹ ১,২৭,৭০০/-	১৩.১১.২০২৫	₹ ১০,০০০/-	০৫.১১.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৪.১১.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই
HOU/KOL/ 1221/ 935616 সুবীর সরকার/ রুপালি সরকার ব্রাঞ্চ অফিস: কলকাতা	₹ ১৪,৭৩,৯৭২.০০ ০৫.১০.২০২৩	বাস্তবিক দখল	প্রায় ২ কাঠা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা- বাঁশপুল, জে এল নং ৩২, এলওপি নং ২৭৬, সি এস দাগ নং ৯৯, আর এস এবং এল আর দাগ নং ৪৭০, এল আর খতিয়ান নং ৫০৬৭, হোল্ডিং নং ৪/৮৮/১৫, কল্যাণগড়, থানা- অশোকনগর, অশোকনগর-কল্যাণগড় পুরসভার ৪ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা- উত্তর ২৪ পরগনা এবং এটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর- শ্রী সুজিত রায়ের সম্পত্তি;দক্ষিণ- পুরসভার ৮ ফুট চওড়া পাকা রাস্তা; পূর্ব- পুরসভার ১০ ফুট চওড়া পাকা রাস্তা; পশ্চিম- এলওপি নং ২৭৭।	₹ ৯৫৮০০০/-	₹ ৯৫৮০০/-	১৩.১১.২০২৫	₹ ১০,০০০/-	০৫.১১.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৪.১১.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই
HOU/ SKOL/ 0718/ 560595 রাকেশ কুমার সাউ এবং সুদামা দেবী ব্রাঞ্চ অফিস: দক্ষিণ কলকাতা	₹১৪৮৪৮২০.৩৫/- ১৫.০৪.২০২৪	বাস্তবিক দখল	সামান্য কমবেশি ২ কাঠা ৬ ছটাক ৪০ বর্গফুট জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত এই জমিতে নির্মিত বিল্ডিংয়ের চতুর্থ তলে (থার্ড ফ্লোর) উত্তর-পূর্ব অংশে সামান্য কমবেশি ৬০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ৩বি-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- নয়াবাদ, জে এল নং ২৫, আর এস দাগনং ১৯১, আর এস খতিয়ান নং ১৪৫, থানা- পূর্ব যাদবপুর, প্রেমিসেস নং ৩২৪৫, নয়াবাদ, কলকাতা-৭০০০৯৯, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, ওয়ার্ড নং ১০৯, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- স্কিম প্লট নং ১৩; দক্ষিণ- ২০ ফুট চওড়া রাস্তা; পূর্ব- স্কিম প্লট নং ৬; পশ্চিম- স্কিম প্লট নং ৮।	₹ ৮৯৭০০০/-	₹ ৮৯৭০০/-	১৩.১১.২০২৫	₹ ১০,০০০/-	০৫.১১.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৪.১১.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই
HOU/KOL/ 0819/ 736786 কমলেশ যাদব ও চিন্তা যাদব, ব্রাঞ্চ অফিস: কলকাতা	₹১৬৬৩৯১২.৪৯ এবং ১৫.০৪.২০২৪	বাস্তবিক দখল	সামান্য কমবেশি ৩ কাঠা ১১ ছটাক জমির প্লটের ওপর নির্মিত বহুতল বিল্ডিংয়ের ফোর্থ ফ্লোরে (পঞ্চম তল) উত্তর-পশ্চিম অংশে সামান্য কমবেশি ৭২৮ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ফ্ল্যাট নং ৪০৩-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- বামুনগাছি, জে এল নং ১০, এল আর দাগ নং ২০০ ও ১৯৮, এল আর খতিয়ান নং ১৩৬১, ১৩৬২, ১৩৬৫ ও ২১১৫, হোল্ডিং নং ৫৭/২, বি রোড, সালকিয়া বামুনগাছি, থানা- লিলুয়া, ওয়ার্ড নং ৭, হাওড়া পুরনিগম, জেলা- হাওড়া এবং এর চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- হাওড়া পুরনিগমের ড্রেন;দক্ষিণ- পূর্ণিমা দাসের জমি ও বাড়ি; পূর্ব- তারাপদ চ্যাটার্জি ও অন্যদের জমি ও বাড়ি; পশ্চিম- ১০ ফুট চওড়া যৌথ পরিসর।	₹ ১৪১৮০০০/-	₹ ১৪১৮০০/-	১৩.১১.২০২৫	₹ ১০,০০০/-	০৫.১১.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৪.১১.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই

*** তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড-এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’-তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।** ১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। ২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’-তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল-এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)-কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। ৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(৩)-এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। ৪. ই-নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুড়গাঁও, হরিয়ানা- ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল-এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, auction@pnbhousing.com অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ২৪.১০.২০২৫ — **অনুমোদিত আধিকারিক, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড**